

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৭৪

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّتَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْعَطَّارُ حَدَّتَنَا أَبُو نَعَامَةَ السَّعْدِيُّ عَنْ أَبِي عُوسَى الْأَشْعَرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزَاةٍ فَلَمَّا قَفَلْنَا أَشْرَفْنَا عَلَى الْمَدِينَةِ فَكَبَّرَ النَّاسُ تَكْبِيرَةً وَرَفَعُوا بِهَا أَصْوَاتَهُمْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَصَمَّ وَلَا غَائِبٍ هُو بَيْنَكُمْ وَبَيْنَ رُءُوسِ رِحَالِكُمْ ثُمَّ قَالَ يَا عَبْدَ اللَّهِ بْنَ قَيْسٍ أَلَا أُعَلِّمُكَ كُنْزًا مِنْ كُنُوزِ الْجَنَّةِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَأَبُو عُتْمَانَ كُنُوزِ الْجَنَّةِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَأَبُو عُيسَى. كُنُوزِ الْجَنَّةِ لَا حَوْلُ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَأَبُو عَيسَى. النَّهُدِيُّ اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مُلِ وَأَبُو نَعَامَةَ السَّعْدِيُّ اسْمُهُ عَمْرُو بْنُ عِيسَى. حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، حَدَّقَنَا أَبُو عَاصِمٍ، عَنْ حُمَيْدٍ أَبِي الْمَلِيحِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ .

বাংলা

৩৩৭৪. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) আবু মুসা আশআরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আমরা এক যুদ্ধে ছিলাম। ফেরার সময় মদীনা যখন আমাদের দৃষ্টি গোচর হল, তখন সাহাবীরা তাকবীর ধ্বনি দিলেন এবং তাদের স্বর উচ্চ করলেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাদের রব তো বধিরও নন এবং তোমাদের থেকে দুরেও নন তিনি তো আছেন তোমাদের এবং সাওয়ারী উট-এর মাথার মাঝামাঝি। এরপর তিনি বললেনঃ হে আবদুল্লাহ ইবন কায়স! তোমাকে কি জান্নাতের একটি গুপ্ত ভান্ডার সম্পর্কে অবহিত করব? (তা হল) লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ্।

সহীহ, ইবনু মাজাহ ৩৮২৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৭৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবু উছমান নাহদী (রহঃ) এর নাম হল আবদুর রহমান ইবন মুল্ল। আবু নাআমা সা'দী (রহঃ) এর নাম হল আমর ইবন ঈসা। ইসহাক ইবন মানসুর ... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী



সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে।

English

Abu Musa Al-Ash`ari (ra) said:

"We were with the Messenger of Allah (**) on a military expedition. When we returned, we overlooked Al-Madinah, and the people were pronouncing the Takbīr, and they raised their voices with it. The Messenger of Allah (**) said: 'Verily, your Lord is not deaf nor absent, He is between you and between the heads of your mounts.' Then he said: 'O `Abdullah bin Qais, should I not inform you of a treasure from the treasures of Paradise: Lā ḥawla wa lā quwwata illā billāh (There is no might or power except by Allah).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন